এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

বিষয় কোড : | ১ | ৫ | ৩ |

পূর্ণমান— ৭০

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]

১. ▶ কমার্স গ্রুপ থেকে এস.এস.সি পরীক্ষা দেওয়ার পর সামিরা বান্ধবী সাবিহাকে নিয়ে ঢাকায় বেড়াতে যায়; দেশ বিদেশের প্রাচীন আধুনিক নানা বিষয়ের ইতিহাস সম্পর্কে জানার প্রচণ্ড আগ্রহ আছে বলে সামিরা সাভারে জাদুঘর ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরিতে বিভিন্ন ঐতিহাসিক বস্তু, বই পুস্তক আগ্রহ সহকারে দেখে ও পড়ে। এতে সাবিহা বিরক্ত হয়ে বলে, এসব দেখে ও পড়ে সময় নষ্ট না করে বরং ভালো একটা কলেজে ভর্তি হওয়ার প্রস্তুতি নাও।

ক. ফা-হিয়েন কোন দেশের পরিব্রাজক? ১

খ. ইতিহাসকে কেন শিক্ষনীয় দর্শন বলা হয়ে থাকে? ২

গ. ইতিহাস জানার জন্য সামিরা কোন ধরনের উপাদানের সহযোগিতা নিয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি সাবিহার বক্তব্যকে সমর্থন কর? মতের সপক্ষে যুক্তি দাও। ৪

২. ▶ নাবিল গ্রীষ্মের ছুটিতে নিজ জেলা কুমিল্লা থেকে পূর্ব ভারতে বাবা-মার সাথে বেড়াতে যায়; কিন্তু ঐ এলাকার প্রাচীন নাম দেখে তার মনে খটকা লাগে এই জন্য যে, বাংলাদেশের দুটি বিভাগীয় জেলায় এই রকম একটি প্রাচীন জনপদ ছিল বলে সে জেনেছে। এই সেই চিন্তা করতে করতে সে এই জনপদের দৃশ্য দেখে মুগ্ধ হয়ে ভাবে, আমার জেলার প্রাচীন নিদর্শন একটি বিহার নিয়ে আমিও গর্ববোধ করি।

ক. বর্তমান বৃহত্তর বগুড়া প্রাচীন কোন জনপদের অধীনে ছিল? ১

খ. বঙ্গা বলতে কী বুঝায়? ২

গ. নাবিলের দেখা জনপদটি তোমার পঠিত কোন জনপদের প্রতিচ্ছবি? ব্যাখ্যা কর। ৩

ঘ. নাবিলের নিজ জেলাকে নিয়ে গর্ব করা কতটুকু যৌক্তিক? মতামত দাও। ৪

৩. ▶ ইতিহাসের শিক্ষক রাজিব ক্লাসে প্রাচীন বাংলার ষোড়শ থেকে সপ্তদশ শতকের প্রাচীন ইতিহাস সম্পর্কে আলোচনা করতে গিয়ে বলেন, ঢাকা, বগুড়া, সিলেট, বরিশাল, নোয়াখালী ইত্যাদি অঞ্চলে জমিদারগণ নিজ নিজ জমিদারিতে স্বাধীন ছিলেন, কারণ তারা তৎকালীন সম্রাটদের অধীনতা মেনে নেননি। একজন শিক্ষার্থী শাহানা বলে উঠে "স্যার, আমরা জেনেছি একজন সম্রাট জমিদারগণকে দমনের জন্য চেষ্টা করেও বার বার ব্যার্থ হয়"।

ক. কে আফগানদের হাত থেকে বাংলার ক্ষমতা কেড়ে নেয়? ১

খ. বাংলাকে কেন বুলগাকপুর বলা হত? ২

গ. উদ্দীপকে শিক্ষক রাজিব মধ্যযুগের কোন ঘটনা সম্পর্কে আলোচনা করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. শাহানার উক্তিটির যথার্থতা নিরূপন কর। ৪

৪. ▶ যে কোন দেশ নিজ দেশের ব্যবসা-বাণিজ্য চাঙ্গা করতে বিদেশী কোম্পানিকে দেশে বিনিয়োগের সুযোগ দেয় কিছু শর্ত সাপেক্ষে মধ্য যুগেও মুঘল সম্রাটদের কাছ থেকে এক ফরমান বলে এ দেশে একচেটিয়া বিনিয়োগের সুযোগ লাভ করে ইংরেজরা, কিন্তু তারা দস্তক নামক এ ছাড়পত্রের অপব্যবহার করলে দেশীয় ব্যবসায়ীরা দারুন ক্ষতিগ্রস্থ হয়; অনিবার্য হয়ে উঠে সম্রাটের সাথে এক যুদ্ধ।

http://teachingbd.com

ক. কতসালে চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তিত হয়? ১
খ. দ্বৈত শাসন বলতে কী বুঝ? ২
গ. উদ্দীপকের আলোকে যুদ্ধের কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত যুদ্ধের ফলে ইংরেজরা দ্রুত গতিতে ঔপনিবেশিক শক্তি হিসাবে আত্ম প্রকাশ করে। বিশ্লেষণ কর। ৪

৫. ▶ সোমা মালাকার একজন বিধবা। অল্প বয়সে স্বামী মারা যাওয়ায় পরিবার অন্যত্র বিবাহ দিতে চাইলে সমাজের মাতবর ও পুরোহিত এর বিরোধীতা করে। মেয়েটির বিবাহের পক্ষে দাঁড়ায়। সনজিৎ-এর বন্ধুরা তাকে এ কাজের জন্য বাহবা দিয়ে বলে- বা তোকে দেখে নবজাগরণ ও সংস্কার আন্দোলনের এক সমাজ সংস্কারকের প্রতিচ্ছবি ভেসে উঠল। যার সাহিত্য ও শিক্ষা বিস্তারেও অনবদ্য অবদান ছিল।

ক. তিতুমীর কোথায় বাশেঁর কেল্লা নির্মান করেন? ১
খ. নারী অধিকার প্রতিষ্ঠায় বেগম রোকেয়ার পদক্ষেপ কী ছিল? ২
গ. উদ্দীপকের সনজিৎ মালাকারের চরিত্র কোন সমাজ সংস্কারকের প্রতিচ্ছবি ভেসে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত সংস্কারকের শিক্ষা বিস্তারে অবদান নিরূপণ কর। ৪

৬. ▶ **ইংরেজ শাসনামলে বাংলার স্বাধিকার আন্দোলন**

| ১. বয়কট ও স্বদেশী আন্দোলন | ২. খিলাফত ও অসহযোগ | ৩. সশস্ত্র বিপ্লবী আন্দোলন | ৪. স্বরাজ ও বেঙ্গল প্যাক্ট |
|---|---|---|---|

ক. দ্বি-জাতি তত্ত্বের ঘোষক কে? ১
খ. বেঙ্গল প্যাক্ট বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে ১নং আন্দোলনের প্রভাব কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ৩নং আন্দোলনটির ব্যর্থতার অন্যতম কারণ ছিল গণবিচ্ছিন্নতা বক্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

৭. ▶



ক. পাকিস্তানের শতকরা কতভাগ মানুষ উর্দু ভাষাভাষী ছিল? ১
খ. শহিদ দিবসকে কেন আন্তর্জাতিক মাতৃভাষা দিবস বলা হয়? ২
গ. উদ্দীপকে ফেস্টুন ও পোস্টার গুলো কোন ঘটনার ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত ঘটনার তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৮. ▶ চট্টগ্রামের খালিদ জুট মিল স্বাধীন ও সমঅধিকারের ভিত্তিতে চলুক এটা বিরোধী আরেকটি মিলের মালিকেরা চাচ্ছিল না, নানা ষড়যন্ত্র শুরু করে। কিন্তু শরাফত আলী সাহেবের বলিষ্ঠ ভূমিকার কারণে মিলটার ভিত্তি মজবুত হয়। এদিকে মিলেরই কিছু জুনিয়র কর্মকর্তা শরাফত সাহেবের ভূমিকায় ঈর্ষান্বিত হয়ে ষড়যন্ত্র করে তাকে হত্যা করে। এমন কি তার পরিবারের কেউ যাতে মিলের স্বত্ব দাবি করতে না পারে সেজন্য সবাইকে হত্যা করে। এরপর মিল পরিচালনা পর্ষদের একজনকে ব্যবস্থাপক হিসেবে দায়িত্বে বসায়।

ক. বাংলাদেশের সংবিধানে কয়টি অনুচ্ছেদ রয়েছে? ১
খ. 'ধর্মনিরপেক্ষতা' রাষ্ট্রপরিচালনার এই মূলনীতিটি কী বুঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত ঘটনাটি বাংলাদেশের কোন মর্মান্তিক ঘটনার সাথে মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের ঘটনার মত একজন বিশ্বাসঘাতক এদেশের ইতিহাসে এ কলঙ্কিত অধ্যায়ের জন্ম দেয়।" উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৯. ▶ ইউরোপের একটি দেশ থেকে আসা প্রবাসী নাজিমুদ্দিনের ছেলে জাহিদ জিজ্ঞেস করে সেখানকার আইন-কানুন কেমন ছিল? উত্তরে নাজিমুদ্দিন বলেন— সেখানে রয়েছে চমৎকার আইনের ব্যবহার, সে আইনে সকলেই সমান এবং সেখানে মানুষের জান, মালের নিরাপত্তার কথা, মৌলিক অধিকার সংরক্ষণের কথা জোরালো ভাবে বলা আছে। আইনগুলো মহল্লায় ঝুঁলিয়ে দেওয়া হতো যাতে মানুষ আইনগুলো সম্পর্কে জানতে পারে। আইন মান্য করা ছিল প্রতিটি নাগরিকের জন্য বাধ্যতামূলক।

ক. নীল নদের উৎপত্তি স্থান কোথায়? ১
খ. মহেঞ্জোদারো ও হরপ্পা বলতে কী বুঝ? ২
গ. নাজিমুদ্দিনের দেখা ইউরোপের দেশটির আইন-কানুন কোন সভ্যতার আইনে পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে করো উক্ত সভ্যতার আইনের উপর আধুনিক বিশ্ব নির্ভরশীল? মতামত দাও। ৪

১০. ▶ আধুনিক গণতান্ত্রিক বিশ্বের পথিকৃৎ আব্রাহাম লিংকন গণতন্ত্রের ইতিহাসে একটি স্মরণীয় নাম। রাজনৈতিক ব্যক্তিত্ব, উপস্থিত বুদ্ধি, বাগ্মিতা তাঁকে বিশ্বের আদর্শ চরিত্রে প্রতিষ্ঠিত করেছে। রাজনৈতিক ক্ষেত্রে তিনি অনন্য প্রতিভার স্বাক্ষর রেখে গিয়েছেন। এভাবে, একজন মেহনতি মানুষ নিজের প্রতিভায় আমেরিকার প্রেসিডেন্ট পদলাভে সমর্থ হয়েছিলেন। তিনি স্বার্থান্বেষী মানুষের পাশবিকতার হাত থেকে মানুষকে মুক্তি দিয়েছিলেন। পৃথিবীর গণতন্ত্র ও মুক্তিকামী মানুষের জন্য তিনি তার ঐতিহাসিক ভাষণে বলেন— Government of the people, by the people for the people. এ উক্তি তাকে অমর করে রেখেছে।

ক. মুজিব নগর সরকারের প্রধানমন্ত্রীর নাম কি ছিল? ১
খ. "অপারেশন সার্চ লাইট" বলতে কি বুঝ? ২
গ. উদ্দীপকে বর্ণিত আব্রাহাম লিংকনের চরিত্র ও কর্মকাণ্ডে তোমার পঠিত বিষয়বস্তুর কার প্রতিচ্ছবি লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লেখিত নেতার সাথে বাংলাদেশের কোন নেতার মিল আছে? ব্যাখ্যা কর। ৪

১১. ▶ সবুজনগর অঞ্চলের নির্বাচনে ক্ষমতাসীন প্রভাবশালী দলের নেতাকে মোকাবেলা ও পরাজিত করার জন্য ছোট ছোট দলগুলো একতাবদ্ধ হয়। তারা জনগণের আশা আকাংখা বাস্তবায়নের জন্য এক সুদীর্ঘ নির্বাচনী ইশতেহার প্রকাশ করে। জনগণ উক্ত জোটের উপর সার্বিক আস্থা রেখে তাদের পূর্ণ সমর্থন ব্যক্ত করেন। এর আবশ্যম্ভাবী দল হিসেবে নির্বাচনে জোটের নেতৃবৃন্দ বিপুল ভোটে জয়ী হন এবং ক্ষমতাসীন দলের নেতা চরমভাবে পরাজিত হন।

ক. আওয়ামী মুসলিম লীগের প্রথম সভাপতি কে ছিলেন? ১
খ. "আওয়ামী মুসলিম লীগ" গড়ে তোলা হয় কেন? ২
গ. সবুজনগর অঞ্চলের ছোট দল গুলো স্বাধীনতা পূর্ব নির্বাচন থেকে শিক্ষা গ্রহণ করে একতাবদ্ধ হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "ক্ষমতাসীন ও প্রভাবশালী হলেই নির্বাচনে জয়ী হওয়া যায় না" পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৪

Teachingbd.com

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : ১ ৫ ৩

সময় — ৩০ মিনিট পূর্ণমান— ৩০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. 'যা কিছু ঘটে তাই ইতিহাস' উক্তিটি কার?
ⓚ ড. জনসনের ⓚ ই বি টেইলরের
ⓖ ই এচই কারের ⓖ থুকিডাইডিসের

২. ইতিহাসের বিচরণ ক্ষেত্র কোনটি?
ক) বর্তমান ঘটনা প্রবাহ
খ) তাৎক্ষণিক ঘটনা প্রবাহ
গ) অতীত ঘটনা প্রবাহ
ঘ) ভবিষ্যৎ ঘটনা প্রবাহ

৩. প্রাচীন সভ্যতার নিদর্শনের দিক দিয়ে কোন জনপদ প্রাচীন বাংলায় সবচেয়ে সমৃদ্ধ জনপদ ছিল?
ক) পুন্ড্র খ) বঙ্গ
গ) গৌড় ঘ) হরিকেল

৪. সপ্তম শতকে মুর্শিদাবাদ হতে উৎকল পর্যন্ত সমগ্র এলাকাকে সংঘবদ্ধ করেন কে?
ক) রাজা অশোক খ) রাজা শশাংক
গ) ত্রৈলোক্য চন্দ্র ঘ) রাজা বীরভূম

৫. গুপ্ত শাশনের পতনের পর যেসব স্বাধীন রাজ্যের জন্ম হয় তা হলো-
i. পাঞ্জাব
ii. বঙ্গ iii. গৌড়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬. মাৎস্যন্যায় এর অবসান ঘটে কত শতকের মাঝামাঝি?
ক) সপ্তম খ) অষ্টম
গ) নবম ঘ) দশম

৭. প্রাচীন বাংলার সমাজকে কী বলা হতো?
ক) দাস সমাজ খ) গুপ্ত সমাজ
গ) মৌর্য সমাজ ঘ) কৌম সমাজ

৮. বাংলার সবচেয়ে প্রাচীন স্তুপের নিদর্শন পাওয়া যায় কোথায়?
ক) ঢাকার আশরাফপুরে খ) ঢাকার সাভারে
গ) ঢাকার খিলগাঁওয়ে ঘ) খুলনার নুরপুরে

৯. রাজা লক্ষন সেন পরাজিত হয় কেন?
ক) অকস্মাৎ আক্রমণের কারণে
খ) সেনাপতির অযোগ্যতার কারণে
গ) সৈন্য সংখ্যা কম হওয়ার কারণে
ঘ) সৈন্যদের অসন্তুষ্টির করণে

১০. স্বাধীন সুলতান হিসাবে ফখরুদ্দিন মুবারক শাহের শাসন ব্যবস্থার অন্যতম দিক ছিল কোনটি?
ক) ফরমান জারি খ) মুদ্রা জারি
গ) দস্তক জারি ঘ) পরোয়ানা জারি

১১. মধ্যযুগে বাংলার মুসলিম সমাজের অন্যতম বৈশিষ্ট্য ছিল কোনটি?
ক) সংস্কৃতির লালন
খ) অর্থনৈতিক মুক্তির সংগ্রাম
গ) রাজনৈতিক সংস্কার
ঘ) সামাজিক কুসংস্কার

১২. বাবুল সাত গম্বুজ মসজিদ দেখতে যায়। এটি কোন সুবেদার নির্মাণ করেন?
ক) মীর জুমলা খ) শায়েস্তাখান
গ) ঈসা খান ঘ) বুখরা খান

১৩. পলাশীর যুদ্ধের ফলে এদেশের মানুষের উপর কীরূপ প্রভাব পড়ে?
ক) ভাগ্যের উন্নতি খ) ভাগ্যের বিপর্যয়
গ) সম্পদ বৃদ্ধি ঘ) সাম্প্রদায়িক ষড়যন্ত্রের শিকার

১৪. মধ্যযুগে বাংলার মুসলমান সমাজের অন্যতম বৈশিষ্ট্য ছিল-
i. কুরআন ও হাদিস শিক্ষা গ্রহণ করা
ii. ধর্মীয় শিক্ষায় শিক্ষিত করা
iii. নিয়মিত নামাজ আদায় করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৫. বাংলার নবাব কেন দুর্ভিক্ষ এড়াতে ব্যর্থ হয়েছিল?
ক) কোম্পানির লুণ্ঠন বৃত্তির জন্য
খ) কোম্পানির সম্পদের অভাবে
গ) নবাবের সেনাবাহিনীর বিশৃঙ্খলায়
ঘ) নবাবের আভ্যন্তরীণ দুর্বলতার কারণে

Teachingbd.com

http://teachingbd.com

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :**

জনাব কামরুল আলম ছিলেন এক দানশিল ব্যক্তি। তিনি তার সকল সম্পত্তি জনহিতকর কাজের জন্য দান করে যান। তিনি তার মৃত্যুর ছয় বছর পূর্বে কামরুল ফাণ্ড গঠন করেন। পরে তার এ ফাণ্ডের টাকা দিয়ে বিভিন্ন স্কুল, কলেজ, মাদ্রাসা, মসজিদ ও দাতব্য চিকিৎসালয় প্রতিষ্ঠা করা হয়।

**১৬. জনাব কামরুল আলমের সাথে কার মিল বিদ্যমান?**

ক) হাজী মুহম্মদ মহসীন
খ) হাজী শরিয়তউল্লাহ
গ) হাজী ইলিয়াস আলী
ঘ) হাজী মহিবুল্লাহ

**১৭. অনুচ্ছেদের এ ব্যক্তির চারিত্রিক বৈশিষ্ট্য হচ্ছে-**

i. অসাধারণ মেধা
ii. দানশীলতা
iii. বিদ্যানুরাগী

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**১৮. সিপাহি বিদ্রোহের অন্যতম রাজনৈতিক কারণ কোনটি?**

ক) অতিরিক্ত করধার্য
খ) সত্ব বিলোপ নীতি প্রয়োগ
গ) ধর্মীয় প্রতিষ্ঠান ধ্বংস
ঘ) রাজনৈতিক প্রতিষ্ঠান নির্মাণে বাধা

**১৯. বয়কট আন্দোলনের প্রধান উদ্দেশ্য ছিল কোনটি?**

ক) বিলেতি পণ্য গ্রহণ
খ) বিলেতি পণ্য আমদানী
গ) বিলেতি পণ্য পুনঃরপ্তানী
ঘ) বিলেতি পন্য বর্জন

**২০. ভাষা আন্দোলনের প্রথম সংগঠন কোনটি?**

ক) রাষ্ট্র ভাষা সংগ্রাম পরিষদ
খ) তমদ্দুন মজলিস
গ) রাষ্ট্রভাষা মুক্তি পরিষদ
ঘ) রাষ্ট্র ভাষা বঙ্গ পরিষদ

**২১. লাহোর প্রস্তাব কত সালে করা হয়েছিল?**

ক) ১৯৩৫ সালে  খ) ১৯৩৮ সালে
গ) ১৯৪০ সালে  ঘ) ১৯৪২ সালে

**২২. ১৯৫৪ সালের নির্বাচনের অন্যতম তাৎপর্য হচ্ছে কেনটি?**

ক) বাঙ্গালীর ঐক্যবন্ধ প্রতিবাদ
খ) বাঙ্গালীর স্বাধীনতা অর্জন
গ) বাঙ্গালীর ধর্মীয় অনুভূতির জাগরণ
ঘ) বাঙ্গালীর অর্থনৈতিক সমৃদ্ধি

**২৩. মৌলিক গণতন্ত্র কী?**

ক) সরকার পদ্ধতি
খ) নতুন নির্বাচন কাঠামো
গ) গণতন্ত্রের নতুন নাম
ঘ) গণতন্ত্রের একটি শাখা

**২৪. শেখ মুজিবুর রহমানকে বঙ্গবন্ধু উপাধিতে ভূষিত করা হয় কত সালে?**

ক) ২২ ফেব্রুয়ারি ১৯৬৯
খ) ২৩ ফেব্রুয়ারি ১৯৬৯
গ) ২৪ ফেব্রুয়ারি ১৯৬৯
ঘ) ২৫ ফেব্রুয়ারি ১৯৬৯

**২৫. সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদ গঠনে ভূমিকা রাখে-**

i. মতিয়া চৌধুরী
ii. রাশেদ খান মেনন
iii. তোফায়েল আহমেদ

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**২৬. ১৯৭০ সালে জাতীয় পরিষদের সদস্যদের কী বলা হতো?**

ক) এম এন এ  খ) এম পি এ
গ) এম এন  ঘ) এম পি

**২৭. বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার গঠিত হয় কত তারিখ?**

ক) ৮ই এপ্রিল  খ) ১০ই এপ্রিল
গ) ১২ই এপ্রিল  ঘ) ১৪ই এপ্রিল

**২৮. বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস কোনটি?**

ক) ১০ জানুয়রি  খ) ১১ জানুয়ারি
গ) ১২ জানুয়ারি  ঘ) ১৩ জানুয়ারি

**২৯. সার্ক প্রতিষ্ঠিত হয় কত সালে?**

ক) ১৯৮২ সালে  খ) ১৯৮৩ সালে
গ) ১৯৮৪ সালে  ঘ) ১৯৮৫ সালে

**৩০. সিন্ধু নদীর তীরে গড়ে উঠে কোন সভ্যতা?**

ক) মেসোপটেমীয়া  খ) অ্যাসেরীয়
গ) মিশরীয়  ঘ) সিন্ধু

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | ক | ৪ | খ | ৫ | গ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | ক | ১০ | খ | ১১ | ক | ১২ | খ | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | ক |
| | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | গ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | ঘ |

Teachingbd.com

http://teachingbd.com